



ধন্যবাদ দিবসের ২০২৪

প্রিয় ভাই ও বোনেরা,

বড় হয়ে, “আপনাকে ধন্যবাদ” এই কথাটা বলতে আমাদের পিতামাতা আমাদেরকে শিখিয়েছিলেন যখন আমাদের কাছে যা আছে তার সমাদর করতে ও মূল্য দিতে শেখানোর প্রয়াসে আমাদেরকে কিছু দেওয়া হয়েছিল। এই দ্রুত-গতির বিশ্বে, আমরা সপ্তাহ থেকে সপ্তাহে এবং ঘটনা থেকে ঘটনার দিকে এগিয়ে চলেছি। এটি মনে হয় যে মূহূর্তগুলির উপভোগ করতে, অভিজ্ঞতাগুলি প্রতিফলিত করতে, এবং আমাদের হাতে থাকা সমান্যতম সুযোগগুলির প্রকৃত সমাদর করতে খুব অল্পই সময় নিই।

যেহেতু রবিবার, ৬ অক্টোবর ২০২৪, আমরা আমাদের মঙ্গলীর ধন্যবাদজ্ঞাপন দিবসের দিকে আগ্রহের হচ্ছি, আসুন আমরা একটু থামি আর ঈশ্বরের অবিশ্বাস্য ও বিস্ময়কর কাজগুলি বিবেচনা করি (১ করিন্থীয় ১৬:১২)। ঈশ্বর আমাদেরকে জীবন দিয়েছেন: আমরা তাঁর সৃষ্টির অংশ। ঈশ্বর হলেন প্রভু এবং তিনি অবিরত তাঁর সৃষ্টির যত্ন নেন। ঈশ্বর আমাদের ভালবাসেন, মানুষকে পরিত্যাগ করেননি, আর তাই আমাদের আচরণ নির্বিশেষে আমাদের প্রতি করুণা প্রদর্শন করে চলেছেন। আমরা ঈশ্বরের প্রেম, অনুগ্রহ ও বিশ্বস্ততার উপর নির্ভর করতে পারি।

এন.এ.সি গীত পুস্তক # ১৭৭ গীতে (নং ৬৩- ভারতীয় ২৫০ গীত পুস্তক), “তোমার আশীর্বাদ সকল গণনা কর, সেগুলির এক একটির নামকরণ কর,” এটি আমাদের জন্য ভালো উপদেশ, এই অবগতির দ্বারা যে, সকল কিছুই ঈশ্বরের কাছ থেকে আসে, আর তাই আমরা সম্পূর্ণরূপে তাঁর উপর নির্ভরশীল। যদিও আমাদের জীবনধারণ একে অপরের থেকে অনেক আলাদা, তবুও আমরা সৃষ্টির অংশী হই, আমরা সবাই বরদান সকল লাভ করেছি, আর ঈশ্বরের প্রেমের অভিজ্ঞতা লাভ করে থাকি। তাঁর অনুগ্রহ ও বিশ্বস্ততা আমাদেরকে আবৃত করে। তিনি আমাদের পরিত্রাণ ও আমাদের সাথে অন্তকালীন সহভাগিতার আকাঙ্ক্ষা করেন। উপরন্তু, আমরা প্রত্যেকেই আমাদের জীবনে অন্যান্য আশীর্বাদদের নামকরণ করতে পারি।

ত্রিত্ব ঈশ্বরের উপাসনা করার সাথে সাথে তাঁর প্রশংসা, স্তবস্তুতি ও ধন্যবাদজ্ঞাপন করার জন্য আমরা অনুপ্রাণিত হই। আমাদের দান সকল উৎসর্গ করে, সুসমাচার বিস্তারের কাজে সহায়তা করে, ঈশ্বরের কাজে উপস্থিত থেকে, প্রতিবাসীর সাথে অংশভাগ করে এবং সৃষ্টি ও আমাদের পরিবারের প্রতি দায়িত্বশীল আচরণের দ্বারা আমাদের কৃ-তজ্ঞতা প্রকাশ করতে পারি।

নন্দতা, ধৈর্য, প্রেম, এবং ধন্যবাদজ্ঞাপনের সাথে, আমাদের বিশ্বাসের লক্ষের দিকে আমরা এগিয়ে চলি: আমাদের প্রভু যীশু খ্রীষ্টের পু-নরাগমনের দিকে।

কানাডা জেলার প্রেরিতবর্গ ও বিশপগণ সহ, আমরা আপনাদের এক আশীর্বাদপূর্ণ ধন্যবাদজ্ঞাপন পর্ব এবং আপনাদের পরিবার ও মণ্ড-লীর বৃত্তে, অনেক আনন্দ ও শান্তি কামনা করি !

আন্তরিকতার সাথে,

মার্ক উল্